১৭-১-৯২

তারিখ ১৯ JAN 995
পৃষ্ঠা ৩ কলাম ৫

৩।

দৈনিক ইত্তেফাক

১৬

## যশোর এমএম কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করা হইবে

...... শিক্ষামন্ত্রী

যশোহর, শিক্ষা মন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলিয়াছেন, যশোর মাইকেল মধুসূদন (এম এম) কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করা হইবে এবং আগামী শিক্ষাবর্ষ হইতে ক্লাশ শুরু হইবে। শিক্ষাগত গত শুক্রবার এম এম কলেজে এক সমাবেশে বক্তৃতাকালে একথা ঘোষণা করেন। সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক

(৪র্থ পৃঃ দ্রঃ)

### শিক্ষামন্ত্রী

(৩য় পৃঃ পর)

মন্ত্রী জনাব তরিকুল ইসলামও এ সমাবেশে বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার গণতন্ত্রের চর্চা ও বিকাশের স্বার্থে উচ্চ শিক্ষার গুণগত ও পরিমাণগত উন্নয়ন সাধনের প্রচেষ্টা চালাইতেছেন। সরকার ইতোমধ্যে বেশকিছু কলেজে সম্মান ও স্নাতকোত্তর কোর্স চালু করিয়াছেন এবং শিক্ষকদের পদোন্নতি দানের পদক্ষেপ নিয়াছেন।

পরে উভয় মন্ত্রী সিটি কলেজ, নড়াইল মহিলা কলেজ এবং লোহাগড়া আদর্শ কলেজ পরিদর্শন করেন এবং কয়েকটি পৃথক সমাবেশে বক্তৃতা করেন।-তথ্য বিবরণী